# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৩৮৪

পর্ব-২২: পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس )

পরিচ্ছেদঃ ১. প্রথম অনুচ্ছেদ - আংটির বর্ণনা

بَابُ الْخَاتَمِ

আরবী

وَعَنْ عَلِيٍّ قَالَ: نَهَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ لُبْسِ الْقَسِّيِّ وَالْمُعَصْفَرِ وَعَنْ تَخَتُّمِ الذَّهَبِ وَعَنْ قِرَاءَةِ الْقُرْآنِ فِي الرُّكُوعِ. رَوَاهُ مُسلم

বাংলা

৪৩৮৪-[২] ’আলী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রেশম ও হলুদ রঙের কাপড় পরিধান ও স্বর্ণের আংটি ব্যবহার করতে এবং কুরআনের কোন অংশ রুকূ’ অবস্থায় পাঠ করতে নিষেধ করেছেন। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : মুসলিম (২০৭৮)-২৯, নাসায়ী ১০৪৪, তিরমিযী ২৬৪, মুসনাদে আহমাদ ১০৪৩, মা‘রিফাতুস্ সুনান ওয়াল আসার লিল বায়হাক্বী ৮৫৪, সহীহ ইবনু হিব্বান ৫৪৪০, শু‘আবুল ঈমান ৬৩২১, সুনানুন্ নাসায়ী আল কুবরা ৬৩২, আস্ সুনানুল কুবরা লিল বায়হাক্বী ২৬৬৮।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ হলুদ রংয়ের কাপড় পরিধান করার ব্যাপারে ‘উলামার মাঝে মতবিরোধ রয়েছে। সাহাবী, তাবি‘ঈ এবং তাঁদের পরবর্তী বিদ্বানগণ এ ধরনের কাপড় পরিধান করা বৈধ বলেছেন। আর ইমাম শাফি‘ঈ, আবূ হানীফাহ্ ও ইমাম মালিক (রহিমাহুমুল্লাহ) এটাই বলেছেন। তবে ইমাম মালিক (রহিমাহুল্লাহ) বলেছেনঃ এ ধরনের পোশাক ছাড়া অন্যান্য পোশাক পরিধান করা উত্তম। অপর বর্ণনায় রয়েছে, তিনি হলুদ রংয়ের পোশাক বাড়িতে কিংবা বাড়ির আঙ্গিনায় পরিধান করা বৈধ বলেছেন এবং বাড়ির বাহিরে বা বাজারে পরিধান করা মাকরূহ বলেছেন। ‘উলামার একটি জামা‘আত বলেছেন, এ মাকরূহ বলতে মাকরূহে তানযীহি উদ্দেশ্য। আর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিষেধ করা দ্বারা মাকরূহে তানযীহি অর্থ গ্রহণ করেছেন। কেননা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম

লাল পোশাক পরেছেন মর্মে প্রমাণ পাওয়া যায়। বুখারী মুসলিমে ইবনু ‘উমার (রাঃ) বর্ণনা করেছেন যে, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে হলুদ রংয়ের পোশাক পরিধান করতে দেখেছি। (শারহুন নাবাবী ১৪শ খন্ড, হাঃ ২০৭৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75108

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন